সমকাল

তারিখ ... 03 SEP 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

**শাবিতে কর্মসূচি অব্যাহত**



# ছাত্রলীগের ছেলেদের শাস্তি দেওয়া অন্যায়

—— মুহম্মদ জাফর ইকবাল

■ সিলেট ব্যুরো ও শাবি প্রতিনিধি
ছাত্রলীগের চার কর্মীকে সাময়িক বহিষ্কার ও সংগঠন থেকে তিন নেতাকে সাময়িক বহিষ্কার করাকে 'এক রকম অন্যায়' বলে মন্তব্য করেছেন জনপ্রিয় লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) শিক্ষকদের ওপর হামলায় জড়িত অভিযোগে এ ছাত্রদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়।

হামলার ঘটনায় ছাত্রলীগ নেতাকর্মীদের শাস্তি দেওয়ায় কষ্ট পেয়েছেন জানিয়ে জাফর ইকবাল বলেন, শিক্ষকদের ওপর কে হামলা করেছে? ছাত্রলীগের ছেলেরা? না। এরা তো ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## ছাত্রলীগের ছেলেদের শাস্তি

[প্রথম পৃষ্ঠার পর]

ছাত্র, আমাদের ছাত্র। এত কমবয়সী ছেলে, এরা কী বোঝে? ওদের আপনি যা-ই বোঝাবেন, তাই বুঝবে। কাজেই আমি যখন দেখলাম, তিনজনকে বহিষ্কার করা হয়েছে, আর চারজনকে বহিষ্কার করা হয়েছে; এখন আমার ওদের জন্য মায়া লাগছে। আহা বেচারারা! তিনি বলেন, মিসগাইডেড ছেলেগুলোকে পাঠিয়ে দিয়েছে, এখন তারাই বিপদে পড়েছে। ছাত্রত্ব বাতিল হবে, শাস্তি হবে। এই ছেলেদের শাস্তি দেওয়াটা এক ধরনের অন্যায়। যারা পাঠিয়েছেন তাদের শাস্তি দিন। এসবের জন্য শাবিপ্রবির ভিসিকে দায়ী করে তার অপসারণ দাবি করেন জাফর ইকবাল।

শিক্ষকদের ওপর ছাত্রলীগের হামলার খবর শিরোনামে উঠে এলে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগাছা পরিষ্কার করতে সংগঠনের নেতাদের প্রতি আহ্বান জানিয়েছিলেন। এ প্রসঙ্গে জাফর ইকবাল বলেন, এরা আমাদের ছাত্র। এদের আমাদের কাছে পাঠিয়ে দিন। আগাছাকে ফুলগাছে পরিণত করব।

একইভাবে জাফর ইকবালের সহধর্মিণী ও ছাত্রলীগের হাতে লাঞ্ছিত অধ্যাপক ড. ইয়াসমিন হক বলেন, ছাত্রলীগের প্রতি আমার কোনো অভিযোগ নেই, তাদের ব্যবহার করা হয়েছে।

**আন্দোলন অব্যাহত :** এদিকে সিলেটে শাবিপ্রবিতে ভিসিবিরোধী শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকবৃন্দে'র আন্দোলন চলছে। টানা তিন দিনের কর্মসূচির অংশ হিসেবে গতকাল বুধবার তারা কর্মবিরতি, র‍্যালি ও সমাবেশ করেছেন। আজ প্রতীকী অনশন শেষে ধারাবাহিক আন্দোলনের পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানা গেছে। ভিসিবিরোধী শিক্ষকরা কর্মবিরতি পালন করলেও শিক্ষকদের অন্য দুটি গ্রুপ নিয়ম অনুযায়ী পাঠদান ও পরীক্ষা গ্রহণ করেছে। এদিকে গতকাল বিশ্ববিদ্যালয়ের চারটি আবাসিক হলে নতুন প্রভোস্ট নিয়োগ দেওয়া হয়েছে। ভিসির অপসারণ দাবিতে তিন মাসে প্রশাসনিক পদ থেকে আন্দোলনরত শিক্ষকরা পদত্যাগ করায় এতদিন প্রভোস্টদের এ পদগুলো খালি ছিল।

**জাফর ইকবাল-ইয়াসমিন দম্পতির সন্তানদের নিন্দা :** শাবিপ্রবিতে শিক্ষকদের ওপর যোগাযোগ মাধ্যম ফেসবুকে লেখা একটি চিঠিতে মেয়ে ইয়েশিম ইকবাল ও ছেলে ড. নাবিল ইকবাল নিন্দা জানান। ইয়েশিম ইকবাল নিউইয়র্ক ইউনিভার্সিটির ডক্টরাল শিক্ষার্থী ও নাবিল ইকবাল ইউনিভার্সিটি অব আমস্টারডামের শিক্ষার্থী।